

## ভর্তি

### একাদশ শ্রেণিতে বিভিন্ন কলেজে ভর্তি তথ্য

পড়াশোনা ডেস্ক

আপডেট: ২৪ জুলাই ২০২৫, ০৮: ১১



ময়মনসিংহ নটর ডেম কলেজের শিক্ষার্থীরা। ছবি: সংগৃহীত

এসএসসি ২০২৫ সালে পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে ১০ জুলাই। এখন শুরু হবে কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির প্রক্রিয়া। দেশের সব কলেজে সরকারিভাবে লটারির মাধ্যমে ভর্তিপ্রক্রিয়া হবে। তবে অনেক বেসরকারি কলেজে হবে ভর্তি পরীক্ষা। ভর্তির আবেদনের যোগ্যতা হিসেবে বিভিন্ন কলেজে বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার জন্য বিভিন্ন ধরনের জিপিএ চাওয়া হয়।

\* ময়মনসিংহ নটর ডেম কলেজ—

ময়মনসিংহ নটর ডেম কলেজে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় শিক্ষার্থী ভর্তির যোগ্যতা প্রকাশ করেছে। কলেজ কোড ৭৩১৪। ইআইআইএন ১৩৭০৩১।

#### অনলাইনে ভর্তির যোগ্যতা—

১. বিজ্ঞান শাখা (উচ্চতর গণিতসহ)- জিপিএ ৪.৭০,

২. মানবিক শাখা- জিপিএ ৩.৫০,

৩. ব্যবসায় শিক্ষা শাখা- জিপিএ ৩.০০,

৪. বিজ্ঞান শাখা থেকে মানবিক অথবা ব্যবসায় শিক্ষা শাখা- জিপিএ ৪.০০।

ভর্তি বিষয়ে যোগাযোগ: নটর ডেম কলেজ ময়মনসিংহ, বাড়েরা, ঢাকা বাইপাস মোড়, ময়মনসিংহ।

ফোন-০১৮০৫০০৩১৭৭। [বিস্তারিত তথ্যের জন্য ওয়েবসাইট](#)

#### \* সামসুল হক খান স্কুল অ্যান্ড কলেজ—

সামসুল হক খান স্কুল অ্যান্ড ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় শিক্ষার্থী ভর্তির যোগ্যতা প্রকাশ করেছে। কলেজ কোড ১০৬২। ইআইআইএন ১০৭৯১৫।

#### অনলাইনে ভর্তির যোগ্যতা:—

১. বিজ্ঞান শাখা- জিপিএ ৪.৮৩,

২. মানবিক শাখা- জিপিএ ৪.০০,

৩. ব্যবসায় শিক্ষা শাখা- জিপিএ ৩.৫০

#### ভর্তির আসন সংখ্যা—

১. বিজ্ঞান শাখা- ৭৭৫টি

২. মানবিক শাখা- ১৬০টি

৩. ব্যবসায় শিক্ষা শাখা- ৩০০টি।

ভর্তি বিষয়ে যোগাযোগ: সামসুল হক খান স্কুল অ্যান্ড কলেজ, মাতুয়াইল, ডেমরা, ঢাকা। ফোন-০১৮১৫৫৮৮৬৩০।

[বিস্তারিত তথ্যের জন্য ওয়েবসাইট](#)

